দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 0 1 APR 1988
পৃষ্ঠা ... কলাম 3

# শিক্ষাকে বাস্তবমুখী করার প্রয়াস চলিতেছে

শেখ শহীদ

শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলাম বলিয়াছেন, শিক্ষা ব্যবস্থাকে গণমুখী ও বাস্তবধর্মী করার জন্য বর্তমান সরকার সে লক্ষ্যে আন্তরিক প্রয়াস চালাইয়া যাইতেছেন। তিনি

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শেখ শহীদ

(১ম পৃঃ পর)

এ লক্ষ্য অর্জনের জন্য সরকারী উদ্যোগসহ সমাজের সর্বস্তরের জনগণের সম্মিলিত প্রয়াসের উপর গুরুত্বারোপ করেন।

মন্ত্রী গতকাল বিকালে উত্তরা মডেল টাউনে উত্তরা হাইস্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণ দিতেছিলেন। স্কুলের ব্যবস্থাপনা পরিষদের সভাপতি দৈনিক ইত্তেফাকের বার্তা সম্পাদক গোলাম সারওয়ারের সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন স্কুলের প্রধান শিক্ষক আমজাদ হোসেন।

উল্লেখ্য, প্রতিযোগিতায় ২৭টি ইভেন্টে মোট ২১৬ জন প্রতিযোগী অংশগ্রহণ করে। ইহাতে মোহাম্মদ আলী ও ফয়সল হাসান ছেলেদের মধ্যে এবং তুহিনা আক্তার ও ফারজানা মুন্নী মেয়েদের মধ্যে যুগ্ম চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

শিক্ষামন্ত্রী বলেন, বর্তমান সরকার ছাত্র-ছাত্রীদের সুপ্ত প্রতিভা বিকাশ, শারীরিক, মানসিক ও চারিত্রিক দিকসহ সবদিকে উপযুক্ত করিয়া গড়িয়া তুলিতে খেলাধুলাসহ সব ধরনের সুযোগ-সুবিধা প্রদান করিতেছে। তিনি সরকার প্রদত্ত সুযোগ-সুবিধার সদ্ব্যবহারের মাধ্যমে প্রাতিষ্ঠানিক লেখাপড়ার পাশাপাশি অন্যান্য সামাজিক ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশ নেওয়ার জন্য ছাত্র-ছাত্রীদের প্রতি আহ্বান জানান। পুরস্কার বিতরণের পর একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়। তথ্য বিবরণী।